

আজকের কংগ্রেস

তারিখ

14 SEP 1993

পৃষ্ঠা

১

কলাম

২

৪৫

প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতীক অনশন পালন

কংগ্রেস প্রতিবেদক : বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষকের বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে গতকাল ৭ ঘণ্টা প্রতীক অনশন ধর্মঘট পালন করেছেন। সকালে ১১ সদস্যের শিক্ষক প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করেন। স্মারকলিপিতে গত ২৯ জুলাই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও ৫ আগস্ট ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সম্মানে জড়িতদের ফেফতারের দাবি করা হয়। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের সভাপতি অধ্যাপক খোন্দকার মুস্তাহিদুর রহমান প্রতিনিধি দলের নেতা হিসেবে প্রধানমন্ত্রীর সচিব ডটর কামাল সিদ্দিকীর কাছে স্মারকলিপি হস্তান্তর প্রদান করেন।

স্মারকলিপিতে বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সম্মান, সংকট নিরসনে প্রধানমন্ত্রীর জরুরি পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হয়।

অনশন চলাকালে বিভিন্ন রাজনৈতিক, পেশাজীবী ও ছাত্র সংগঠনের নেতারা অনশনরত শিক্ষকদের সঙ্গে সাক্ষাৎ করেন এবং তাদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজ উদ্দিন আহমদ, আওয়ামী লীগ নেতা আব্দুস সালাম আজাদ, জিন্নুর রহমান, আমির হোসেন আমু, গণ ফোরামের বেগম নূরজাহান মোরশেদ, আব্দুল মুহিত, পংকজ ভট্টাচার্য, পাঁচদলের রাশেদ খান মেনন, হাসানুল হক ইনু, নির্মল সেন, দিলীপ বড়ুয়া, সিপিবি'র মুজাহিদুল ইসলাম সেলিম।